দৈনিক জনকণ্ঠ

তারিখ ... APR. 28 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

171

# বৈধ ছাত্রদের হলে থাকার পরিবেশ নিশ্চিত করুন ॥ ঢাবি শিক্ষক সমিতি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতৃবৃন্দ প্রত্যেক হলে বৈধ ছাত্রদের তুলে দেয়া এবং নিজ নিজ হলে থাকার পরিবেশ নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষের নিকট আহ্বান জানিয়েছেন।

নেতৃবৃন্দ গত ২৫ এপ্রিল সমিতির এক বৈঠকে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের কয়েকটি হলে সংঘটিত সন্ত্রাসী কর্মকাণ্ডে উদ্বেগ প্রকাশ করেন। সমিতির সভাপতি ইউসুফ হায়দার বৈঠকে সভাপতিত্ব করেন।

## বুয়েট শিক্ষক সমিতির প্রতিবাদ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় থেকে এক ছাত্রকে বহিষ্কারাদেশ প্রদানের ঘটনাকে কেন্দ্র করে সংঘটিত উচ্ছৃঙ্খল ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। সোমবার সমিতির এক জরুরী সভায় এ প্রতিবাদ জানানো হয়। সভায় ড. একেএম এ কাদেরের গাড়ি ভাংচুর ও গাড়িতে অবস্থানরত তাঁর পরিবারের সদস্যদের ওপর হামলায় ক্ষোভ প্রকাশ করা হয়। নেতৃবৃন্দ ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান।